

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.jhenaidah.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪৪০০.০০০.০১৮.০০৬.০১০. ২৫- ৫০৮

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

গণভোটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণভোট অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ১১ অনুসারে, উক্ত অধ্যাদেশ এর ধারা ০৩ অনুযায়ী জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫-এ বর্ণিত সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবের উপর জনগণের সম্মতি রয়েছে কি না তাহা যাচাইয়ের জন্য (হাঁ/না এর মাধ্যমে) গণভোট অধ্যাদেশ এর ধারা ৮ মোতাবেক মাননীয় নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য, নির্ধারিত পদ্ধতিতে, একই দিনে, পৃথক ব্যালট পেপারের মাধ্যমে গণভোট অনুষ্ঠানের জন্য আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার ধার্য করেছেন।

প্রস্তাব সমূহঃ

(ক) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হইবে।

(খ) আগামী জাতীয় সংসদ হইবে দুই কক্ষ বিশিষ্ট ও জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হইবে এবং সংবিধান সংশোধন করিতে হইলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হইবে।

(গ) সংসদে নারী প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল হইতে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, মৌলিক অধিকার, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রপতির ক্ষমতাসহ তফসিলে বর্ণিত যে ৩০টি বিষয়ে জুলাই জাতীয় সনদে ঐকমত্য হইয়াছে- সেগুলো বাস্তবায়নে আগামী সংসদ নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দলগুলো বাধ্য থাকিবে।

(ঘ) জুলাই জাতীয় সনদে বর্ণিত অপরাপর সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হইবে।

গণভোট অনুষ্ঠানের সময় **সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা** পর্যন্ত বিরতিহীনভাবে জাতীয় সংসদের জন্য নির্ধারিত পদ্ধতিতে গণভোটের জন্য পৃথক ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে গণভোটে ভোটপ্রদানের আহবান জানানো হইলো।

মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
জেলা প্রশাসক, ঝিনাইদহ

ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

ই-মেইলঃ dcjhenaidah@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪৪০০.০০০.০১৮.০০৬.০১০. ২৫- ৫০৮

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা

- ৩। সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
- ৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
- ৮। মহাপরিচালক,বিজিবি/আনসারভিডিপি/র‍্যাভ/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
- ৯। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১০। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা
- ১১। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
- ১৩। উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা
- ১৪। প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৫। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
- ১৬। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৭। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ১৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
- ১৯। মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
- ২০। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২১। পুলিশ সুপার, ঝিনাইদহ
- ২৩। জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ
- ২৪। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝিনাইদহ
- ২৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার(সকল) ঝিনাইদহ।(এই গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড সহ জনবহুল স্থানে টাঙ্গানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২৭। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ (বহুল প্রচারের অনুরোধসহ)
- ২৮। জেলা আইসিটি অফিসার, ঝিনাইদহ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।(মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
- ৩০। মাননীয় নির্বাচন কমিশনার জনাব.....এঁর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।(মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
- ৩১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩২। উপজেলা নির্বাচন অফিসার,(সকল) ঝিনাইদহ।(এই গণবিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড সহ জনবহুল স্থানে টাঙ্গানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩৩। অফিসার-ইন-চার্জ (সকল) ঝিনাইদহ
- ৩৪। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব(সকল), ঝিনাইদহ
- ৩৫। অফিস কপি।

জেলা প্রশাসক, ঝিনাইদহ

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন